# মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ
## মিরপুর, ঢাকা-১২১৬।
## শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় সভা-২০২৫

২৪ মে, ২০২৫ ব্রাঞ্চ-১, রূপনগর ক্যাম্পাস অডিটোরিয়ামে প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডহক কমিটির মাননীয় সভাপতি অধ্যাপক তাহ্‌মিনা আখতার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডহক কমিটির অভিভাবক প্রতিনিধি সদস্য জনাব মোঃ শাকিল মোল্লা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) জনাব আখলাক আহম্মদ।





পবিত্র কুরআন তেলাওয়াতের মধ্য দিয়ে মতবিনিময় সভার শুভ সূচনা করা হয় এবং অতিথিবৃন্দকে ফুল দিয়ে বরণ করা হয়। মতবিনিময় সভায় সকল ক্যাম্পাসের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় প্রতিষ্ঠানের একাডেমিক উন্নয়ন, সঠিক সময়ে সিলেবাস প্রদান, শ্রেণি কক্ষে পাঠদান প্রক্রিয়া আধুনিকায়নকরণ, পরীক্ষা গ্রহণ, শিক্ষক ও শিক্ষার্থীদের আচরণ ইত্যকার বিষয়ে আলোচনা করা হয়।

সভাপতি মহোদয় বলেন- শিক্ষা জাতির মেরুদণ্ড, নতুন প্রজন্মকে নৈতিক ও একাডেমিক শিক্ষায় শিক্ষিত করতে শিক্ষকদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। নতুন প্রজন্মরাই ভবিষ্যতের কাণ্ডারী। কাজেই তাদেরকে আধুনিক ও যুগোপযোগীশিক্ষায় সুশিক্ষিত করাই আমাদের লক্ষ্য হওয়া উচিত। শিক্ষার্থীরা শিক্ষকদের প্রতিচ্ছবি। কাজেই শিক্ষকদের আচরণ, পাঠদান, নৈতিকগুণাবলী ইত্যাদি আদর্শিক হতে হবে যা শিক্ষার্থীদেরকে উন্নতির চরম শিখরে নিয়ে যাবে। প্রতিষ্ঠানের সুনাম-সুখ্যাতি ও ঐতিহ্য ধরে রাখতে উপরোল্লিখিত বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণের সুব্যবস্থা করা হবে। প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ন হয় এমন কর্মকাণ্ড থেকে সবাইকে বিরত থাকার জন্য বিনীত আহবান জানানো যাচ্ছে।

সভাপতি মহোদয় জানান- শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অনেক সমস্যার মধ্যে কিছু অংশ ইতোমধ্যে সমাধান করা হয়েছে, কিছু প্রক্রিয়াধীন রয়েছে এবং অন্যান্য বিষয়াদি দ্রুত সমাধান করা হবে। প্রতিটি ক্যাম্পাসে অভিযোগ বক্স রয়েছে, কারো বিরুদ্ধে কোনো অভিযোগ পাওয়ার সাথে সাথে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

অভিভাবক প্রতিনিধি সদস্য জনাব মোঃ শাকিল মোল্লা বলেন- প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন করতে হলে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সবাইকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। সংশ্লিষ্ট সবার সহযোগিতা পেলে সহজেই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন সম্ভব।

প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) জনাব আখলাক আহম্মদ বলেন- শিক্ষার্থীদের ভাল ফলাফলের পাশাপাশি ভাল মানুষরূপে গড়ে তোলার গড়ে তোলার ব্রত নিয়ে বীরদর্পে এগিয়ে চলছে আমাদের প্রতিষ্ঠান। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালন করলে প্রতিষ্ঠানটি কাঙ্খিত লক্ষ্যে পৌঁছতে পারবো।

কর্তৃপক্ষ

মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ।